## চলমান প্রকল্পের সারসংক্ষেপ

| | | |
|---|---|---|
| ১. প্রকল্পের নাম | : | তৃণমূল পর্যায়ে অর্থনৈতিক ক্ষমতায়নে নারী উদ্যোক্তাদের বিকাশ সাধন প্রকল্প |
| ২. (ক) উদ্যোগী মন্ত্রণালয় | : | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় |
| (খ) বাস্তবায়নকারী সংস্থা | : | জাতীয় মহিলা সংস্থা |
| ৩. প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়) | : | ৩৯৫৫৩.৮৯ (প্রস্তাবিত সংশোধিত ডিপিপি অনুযায়ী) |
| (ক) মোট | : | |
| (খ) জিওবি | : | ৩৯৫৫৩.৮৯ |
| (গ) বৈদেশিক সহায়তা | : | |
| ৪. প্রকল্পের অর্থায়ন (ঋণ/অনুদান/ইকুইটি) | : | প্রযোজ্য নয় |
| ৫. বাস্তবায়নকাল | : | ০১জানুয়ারি ২০২১ হতে ৩১ ডিসেম্বর ২০২৫ |
| ৬. প্রকল্প এলাকা | : | **ঢাকা বিভাগ**: সাভার, ঢাকা উত্তর, ঢাকা দক্ষিণ, রায়পুরা, নারায়ণগঞ্জ সদর, কালীগঞ্জ, গাজীপুর সদর, গজারিয়া, ঘিওর, টাঙ্গাইল সদর, রাজবাড়ী সদর, কোটালীপাড়া, টুঙ্গিপাড়া, শরিয়তপুর সদর, কালকিনী, ফরিদপুর সদর, ভৈরব; **চট্টগ্রাম বিভাগ**: মেট্রোপলিটন এলাকা, আনোয়ারা, চন্দনাইশ, পটিয়া, কক্সবাজার সদর, বান্দরবান সদর, মাটিরাঙ্গা, রাঙ্গামাটি সদর, বেগমগঞ্জ, লক্ষীপুর সদর, ফুলগাজী, দেবীদ্বার, মুরাদনগর, চাঁদপুর সদর, সরাইল, বাঞ্চারামপুর, ব্রাহ্মণবাড়িয়া **সদর;রাজশাহী বিভাগ**: মেট্রোপলিটন এলাকা, নাটর সদর, চাঁপাইনবাবগঞ্জ সদর, শিবগঞ্জ, কালাই, নওগাঁ সদর, বগুড়া সদর, সাঁথিয়া, তাড়াস; **খুলনা বিভাগ**:মেট্রোপলিটন এলাকা, ডুমুরিয়া, বাগেরহাট সদর, চুয়াডাঙ্গা সদর, কেশবপুর, শৈলকুপা, মীরপুর, শ্রীপুর, মেহেরপুর সদর, কালিয়া, শ্যামনগর; **বরিশাল বিভাগ**: বাকেরগঞ্জ, উজিরপুর, বরগুনা সদর, রাজাপুর, ভোলা সদর, মনপুরা, তজুমদ্দিন, দৌলতখান, পটুয়াখালী সদর; **সিলেট বিভাগ**: মঠবাড়িয়া, মেট্রোপলিটন এলাকা, মাধবপুর, শ্রীমঙ্গল, বিশ্বম্ভরপুর ।**রংপুর বিভাগ**: মেট্রোপলিটন এলাকা, নবাবগঞ্জ, সাঘাটা, নাগেশ্বরী, ডিমলা, তেতুলিয়া, ঠাকুরগাঁও সদর, লালমনিরহাট সদর; **ময়মন্সিংহ বিভাগ**: মেট্রোপলিটন এলাকা, শেরপুর সদর, সরিষাবাড়ি, নেত্রকোনা সদর। |
| ৭. প্রকল্পের উদ্দেশ্য | : | ১। বেকার ও সুবিধাবঞ্চিত নারীদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি, আত্ন-নির্ভরশীলতা অর্জনে উদ্বুদ্ধ ও সহায়তা প্রদানের পাশাপাশি নারী সমাজকে মানব সম্পদে পরিনতকরণের লক্ষ্যে প্রশিক্ষণের মাধ্যমে ২,৫৬,০০০ জন নারীর দক্ষতা উন্নয়ন।<br>২। নারী উদ্যোক্তাদের দক্ষতা উন্নয়ন ও অভিজ্ঞাতা অর্জনের লক্ষ্যে প্রকল্পের উদ্যোগে ৮০টি বিউটি পার্লার, ৮০টি ফুড কর্নার এবং ৮০টি বিক্রয় ও প্রদর্শনী কেন্দ্র স্থাপন করে ১৬০০ জন নারী উদ্যোক্তাকে স্বায়ীভাবে স্বাবলম্বী করে তোলা।<br>৩। নারী উদ্যোক্তাদের দ্বারা উৎপাদিত পণ্য বাজারজাতকরণে সহায়তা প্রদান করার লক্ষ্যে একটি ক্রয়-বিক্রয় সফটওয়্যার তৈরি করা।<br>৪। প্রশিক্ষণ কেন্দ্রের সকল প্রশিক্ষণার্থীদের ডাটাবেইজ সফটওয়্যার তৈরি করা। |

৮. প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রমসমূহঃ

**প্রশিক্ষনের বিষয়, মেয়াদ, ব্যাচ সংখ্যা , প্রশিক্ষণের লক্ষ্যমাত্রাঃ**

এ প্রকল্পের আওতায় সারাদেশে ৬৪ জেলার ৮০ টি প্রশিক্ষণ কেন্দ্রের মাধ্যমে ২,৫৬,০০০ জন সুবিধাবঞ্চিত ও কম সুযোগপ্রাপ্ত নারীদের নিম্ন বর্ণিত ৭টি বিষয়ে পর্যায়ক্রমে প্রশিক্ষণ প্রদান করা হয়েছেঃ

| প্রশিক্ষণ কেন্দ্র | | প্রশিক্ষণের বিষয় | মেয়াদ | প্রশিক্ষণার্থী ব্যাচ | লক্ষ্যমাত্রা |
|---|---|---|---|---|---|
| ৮ বিভাগীয় শহরে(৭টি বিষয়ে) | অন্যান্য ৭২ টি কেন্দ্রে (৫টি বিষয়ে) | ১।ক্যাটারিং | ৮০ দিন | ১,৬০০ ব্যাচ×২৫ জন | ৪০,০০০ জন |
| | | ২।ফ্যাশন ডিজাইন | ৮০ দিন | ১,৬০০ ব্যাচ×২৫ জন | ৪০,০০০ জন |
| | | ৩।বিউটিফিকেশন | ৮০ দিন | ১,৬০০ ব্যাচ×২৫ জন | ৪০,০০০ জন |
| | | ৪।ইন্টেরিয়র ডিজাইন এন্ড ইভেন্ট ম্যানেজম্যান্ট | ৮০ দিন | ১,৬০০ ব্যাচ×২৫ জন | ৪০,০০০ জন |
| | | ৫।বিজনেস ম্যানেজম্যান্ট এন্ড ই-কমার্স | ৪০ দিন | ৩,২০০ ব্যাচ×২৫ জন | ৮০,০০০ জন |
| | | ৬।বেবি কিয়ার | ৪০ দিন | ৩২০ ব্যাচ×২৫ জন | ৮,০০০ জন |
| | | ৭।হাউজ কিপিং | ৪০ দিন | ৩২০ ব্যাচ×২৫ জন | ৮,০০০ জন |

মোট ২,৫৬,০০০ জন

**৮০ টি বিক্রয় ও প্রদর্শনী কেন্দ্র, ৮০ টি ফুড কর্ণার এবং ৮০ টি বিউটি পার্লার স্থাপন (জুলাই ২০২৫ পর্যন্ত) :**

নারী উদ্যোক্তাদের দক্ষতা উন্নয়ন ও অভিজ্ঞতা অর্জনের লক্ষ্যে প্রকল্পের উদ্যোগে ৮০টি বিউটি পার্লার, ৮০টি ফুড কর্নার এবং ৮০টি বিক্রয় ও প্রদর্শনী কেন্দ্রের সবগুলো ইতোমধ্যে স্থাপন করা হয়েছে।

**ডাটাবেইজ সফটওয়ার তৈরী :**

অগ্রগতি: ডাটাবেইজ সফটওয়্যার এর কাজ সম্পূর্ণ হয়েছে (www.pweeegl.gov.bd)।

**ক্রয়/বিক্রয় সফটওয়ার তৈরী :**

'তৃণমূল পর্যায়ে অর্থনৈতিক ক্ষমতায়নে নারী উদ্যোক্তাদের বিকাশ সাধন' প্রকল্পের ক্রয় বিক্রয় সফটওয়্যার এবং তথ্য আপা প্রকল্পের 'লাল সবুজ ডট কম' সফটওয়্যারের সাথে সমন্বয়ের জন্য গত ১৬/০৫/২০২৪ তারিখ অনুষ্ঠিত পিএসসি সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। এ প্রেক্ষিতে ০৯/০৩/২০২৫ তারিখ জাতীয় মহিলা সংস্থার নির্বাহী পরিচালকের সভাপতিত্বে জাতীয় মহিলা সংস্থার সভা কক্ষে তৃণমূল প্রকল্প কর্তৃক বর্ণিত সফটওয়্যারটি ব্যবহারের সম্ভাব্যতা যাচাইয়ের নিমিত্তে একটি সভা অনুষ্ঠিত হয়। পরবর্তীতে ২৪/০৪/২০২৫ তারিখ সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত পিএসসি সভায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (উ,পওপ)-এর নেতৃত্বে সংশ্লিষ্টগনের অংশগ্রহণে সভা করে তৃণমূল প্রকল্প কর্তৃক লাল সবুজ.কম ব্যবহারের বিষয়ে যৌক্তিক সমাধান বের করতে হবে মর্মে জানানো হয়। সিদ্ধান্তে আরও উল্লেখ করা হয়, লাল সবুজ.কম সফটওয়্যারের মালিকানা বিষয়ক জটিলতা নিরসন পূর্বক সংশ্লিষ্ট প্রকল্প সমূহের ভুমিকা এবং প্রকল্পের মেয়াদান্তে জাতীয় মহিলা সংস্থার মালিকানাস্বত্বের বিষয়টি নিশ্চিত করতে হবে।

**নারী উদ্যোক্তা মেলা**

চলতি ২০২৪-২৫ অর্থবছরে নারী উদ্যোক্তাদের উৎসাহিত করার জন্য প্রশিক্ষণ কেন্দ্রের আওতায় ১০টি নারী উদ্যোক্তা মেলা আয়োজনের সংস্থান রয়েছে। তবে চট্টগ্রাম জেলার পটিয়া প্রশিক্ষণ কেন্দ্রের আওতায় ৬-৮ ফেব্রুয়ারি ২০২৫, খাগড়াছড়ি জেলার মাটিরাঙ্গা ৪-৬ ফেব্রুয়ারি ২০২৫ , নেত্রকোনা সদর ৯-১৩ ফেব্রুয়ারি ২০২৫ নারী উদ্যোক্তা মেলা আয়োজন করা হচ্ছে। তাছাড়া চাঁপাইনবাবগঞ্জ সদর, মানিকগঞ্জ, চুয়াডাঙ্গা সদর, জামালপুর জেলার সরিষাবাড়ি ও ফেনী জেলার ফুলগাজি এবং ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশনে বিদ্যমান প্রশিক্ষণ কেন্দ্রের উদ্যোগে ঢাকাস্থ বেইলি স্কয়ার অফিসার্স কোয়ার্টার মাঠে ২৪/০২/২০২৫ হতে ২৮/০২/২০২৫ তারিখ পর্যন্ত ৫ দিনব্যাপী নারী উদ্যোক্তা মেলাসহ ১০টি মেলা সফলভাবে সম্পন্ন হয়েছে। ২০২৫-২৬ অর্থবছরে ০৪/১১/২০২৫ হতে ০৬/১১/২০২৫ তারিখ পর্যন্ত চাপাইনবাবগঞ্জের শিবগঞ্জ , ২২/১০/২০২৫ হতে ২৩/১০/২০২৫ তারিখ জামালপুরের সরিষাবাড়ী, ২৮/১১/২০২৫ হতে ২৯/১১/২০২৫ তারিখ পর্যন্ত চট্টগ্রামের পটিয়ায় মেলা আয়োজিত হয়েছে।

| | | |
|---|---|---|
| ৯. বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অন্তর্ভুক্তি ও বরাদ্দ | : | ২০২৫-২৬ অর্থ বছরের এডিপিতে প্রকল্পটি অনুমোদিত হিসেবে অন্তর্ভুক্ত আছে। এডিপিতে বরাদ্দ ৪২৩৭.০০ লক্ষ (বিয়াল্লিশ কোটি সাইত্রিশ লক্ষ) (রাজস্ব ৪১৭৫.০০ লক্ষ + মূলধন ৬২.০০ লক্ষ) টাকা । |
| ১০. প্রকল্পের অগ্রগতি | : | **প্রশিক্ষণ অগ্রগতি (প্রকল্পের শুরু হতে অক্টোবর ২০২৫ পর্যন্ত):** প্রকল্পের সর্বমোট প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা ২,৫৬,০০০ জন। প্রকল্পের শুরু হতে অক্টোবর ২০২৫ পর্যন্ত মোট ২,৫৬,০০০ (দুই লক্ষ ছাপ্পান্ন হাজার)জনেকে প্রশিক্ষণ দেয়া হয়েছে। যা মোট প্রশিক্ষণ লক্ষ্যমাত্রার ১০০%। পাশাপাশি প্রশিক্ষণ প্রাপ্ত প্রশিক্ষণার্থীদের মধ্যে ১১,৪৮৮ (এগারো হাজার চারশত আটাশি) জন নারী উদ্যোক্তা হিসেবে সফলভাবে তাদের ব্যবসা পরিচালনা করছেন। |

**আর্থিক অগ্রগতি (প্রকল্পের শুরু হতে অক্টোবর ২০২৫ পর্যন্ত):**

২০২৫-২৬ অর্থবছরে এডিপি-তে (জিওবি) মোট ৭১৮৬.০০ লক্ষ (একাত্তর কোটি ছিয়াশি লক্ষ) (রাজস্ব ৬৮৩০.০০ লক্ষ + মূলধন ৩৫৬.০০ লক্ষ) টাকা বরাদ্দ পাওয়া যায়। উক্ত বরাদ্দকৃত অর্থ থেকে মোট ২৯৪৯.০০ লক্ষ (উনত্রিশ কোটি উনপঞ্চাশ লক্ষ) (রাজস্ব ২৬৫৫.০০ লক্ষ + মূলধন ২৯৪.০০ লক্ষ) টাকা প্রশাসনিক মন্ত্রণালয়ের অন্য ২টি প্রকল্পে উপযোজন করা হয়। ফলে এ প্রকল্পের অনুকূলে ২০২৫-২৬ অর্থবছরে এডিপি-তে পুনঃনির্ধারিত বরাদ্দ মোট (৭১৮৬.০০-২৯৪৯.০০)=৪২৩৭.০০ লক্ষ (বিয়াল্লিশ কোটি সাইত্রিশ লক্ষ) (রাজস্ব ৪১৭৫.০০ লক্ষ + মূলধন ৬২.০০ লক্ষ) টাকা দাঁড়ায় ।

এডিপির বরাদ্দকৃত অর্থ থেকে ১ম কিস্তি বাবদ রাজস্ব খাতে মোট ১৭৯৬.৫০ লক্ষ (সতেরো কোটি ছিয়ানব্বই লক্ষ পঞ্চাশ হাজার) টাকা ছাড় করা হয় । ছাড়কৃত অর্থের বিপরীতে অক্টোবর ২০২৫ পর্যন্ত মোট ১৫৮৭.৭০ লক্ষ (পনেরো কোটি সাতাশি লক্ষ সত্তর হাজার) টাকা ব্যয় করা হয়। উল্লেখ্য, ছাড়কৃত অর্থের বিপরীতে আর্থিক অগ্রগতি ৮৮.৩৮% এবং বরাদ্দের বিপরীতে আর্থিক অগ্রগতি ৩৭.৪৭%। বরাদ্দকৃত অর্থের ২য় কিস্তি বাবদ ২৩৮৯.৫০ লক্ষ টাকা ছাড়ের প্রস্তাব মন্ত্রণালয় কর্তৃক প্রক্রিয়াধীন।

প্রকল্পের শুরু হতে অক্টোবর ২০২৫ পর্যন্ত মোট ৩৬৯,৫৫.৫৮ লক্ষ (তিনশত উনসত্তর কোটি পঞ্চান্ন লক্ষ আটান্ন হাজার) টাকা ব্যয় করা হয় (৮৬.৩৫%)।

১১. প্রকল্প পরিচালক : প্রভাষ চন্দ্র রায়, প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)

০৩।১১।২০২৫

(প্রভাষ চন্দ্র রায়)
প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)
তৃণমূল পর্যায়ে অর্থনৈতিক ক্ষমতায়নে
নারী উদ্যোক্তাদের বিকাশ সাধন প্রকল্প